



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০৪/নিউ, পলিটেকনিক এডিনিট, মুরশিদপুর, পলশাইপ, খাইরাম।
Website: www.bse.co.gov.bd

স্মারক নং-চপিবো/পরী-মধ্য/পরি-১১/২০২২/(অংশ-৯)/১৭৩২(২১৮)

তারিখ: ২৬/০৪/২০২৬ খ্রি.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, চলমান এসএসসি পরীক্ষা ২০২৬-এর প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত ভুল্যা ও বিভ্রান্তিকর তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দিয়ে একটি অসামান্য চক্র শিক্ষার্থী, অভিভাবক এবং সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তি, আতঙ্ক ও নৈতিক অবক্ষয় সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে এবং সরকারের ভাবমূর্তি বিনষ্টের চেষ্টা করছে।

এ প্রেক্ষিতে, ২০/০৪/২০২৬ তারিখে পুলিশের সিটি ইন্টেলিজেন্স অ্যানালাইসিস বিভাগ (সিটিটিসি) কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম পর্যবেক্ষণের মাধ্যমে “এসএসসি ২০২৬ প্রশ্নপত্র ফাঁস গ্রুপ” নামক একটি ফেসবুক পেইজ শনাক্ত করা হয়। প্রাপ্ত তথ্য ও প্রযুক্তিগত বিশ্লেষণের ভিত্তিতে সিটিটিসির একটি বিশেষ দল ২৩/০৪/২০২৬ তারিখে ঢাকা জেলার আওলিয়া থানার জিন্নাবো টাঙ্গুর এলাকায় অভিযান পরিচালনা করে মূল হোতাসহ ০৪ (চার) জনকে গ্রেফতার করতে সক্ষম হয়। গ্রেফতারকৃতরা অবৈধ আর্থিক লাভ এবং সরকারের ভাবমূর্তি বিনষ্ট করার উদ্দেশ্যে প্রশ্ন ফাঁসের মিথ্যা প্রচার চালিয়ে চলমান পরীক্ষা কার্যক্রমকে ব্যাহত করার অপচেষ্টায় লিপ্ত।

এমতাবস্থায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত গুজব, অপপ্রচার ও প্রতারণামূলক কর্মকান্ড থেকে সকলকে সচেতন থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

ফোন: ০২-৩৩৩৩৩৩৬৭৬৪